কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-৪৬২(৩৫) তারিখ ঃ ২২/০৫/২০১১ খ্রিঃ

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ০৯/০৫/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণী।**

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ০৯/০৫/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।**

২২/৫/১১

(মোঃ শাহ্ আলম)
সদস্য সচিব, সীড প্রমোশন কমিটি
ও
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন ঃ ৯৫৫২৩১৭

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৯। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১০। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১১। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, কাদিরগঞ্জ, আমবাগান, রাজশাহী-৬২০২।
১৪। মহাব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৫। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/বীপ্রস/বীবি/ কন্ট্রো/সিডিপি ক্রপস), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক (সবজি বীজ/ডাল ও তৈলবীজ/বীআমক/বীউ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ (জনাব মোঃ শাহজাহান আলী), ১৭/১ লেক সার্কাস, এ্যাপার্টমেন্ট নং-৩এ (৪র্থ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

**সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৭। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

# কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ০৯/০৫/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৫৬তম সভা ০৯/০৫/২০১১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫১২, ভবন নং-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হয়। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব কাজী আখতার হোসেন সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট-'ছ' তে সন্নিবেশিত করা হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বাংলা নববর্ষ ১৪১৮ এর শুভেচ্ছাসহ স্বাগত জানান। এরপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি জনাব মোঃ শাহ্ আলমকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি সভায় উপস্থাপন করেন ঃ

**আলোচ্য সূচী ১ ঃ ১৬/০১/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৫তম সভার কার্য বিবরণী অনুমোদন।**

সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় উল্লেখ করেন যে, তাঁর দপ্তর স্মারক নং-১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-২৬৯(৩৫) তারিখ ২৩/০১/২০১০ মোতাবেক ৫৫তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। কার্যবিবরণীর বিষয়ে অদ্যাবধি কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, সভাপতি মহোদয় ৫৫তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী, সংযোজন ও বিয়োজন না থাকলে উহা অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

এ পর্যায়ে পাট বীজ বিভাগের মাধ্যমে জানানো হয় যে, ২০১০-১১ বর্ষে উৎপাদিত ৬৭৯ মে.টন দেশী ও ৯২২ মে.টন তোষা শ্রেণীর পাট বীজের মধ্যে চলতি ২০১০-১১ বিতরণ মৌসুমে ২২৯ মে.টন দেশী ও ৫৭৪ মে.টন তোষা পাট বীজ বিক্রয় হয়েছে। বর্তমানে ৪৫০ মে.টন দেশী ও ৩৪৮ মে.টন তোষা শ্রেণীর পাট বীজ অবিক্রিত রয়েছে। কাজেই ২০১১-১২ বর্ষের জন্য নির্ধারিত উৎপাদন লক্ষ্যমাত্রা ৭০০ মে.টনের বিপরীতে ২০০ মে.টন দেশী ও ৯০০ মে.টনের বিপরীতে ৬০২ মে.টন তোষা শ্রেণীর পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য প্রস্তাব করা হয়। এক্ষেত্রে ক্যারিওভার ৪৫০ মে.টন দেশী ও ৩৪৮ মে.টন তোষা সহ মোট ৭৯৮ মে.টন পাট বীজ এবং প্রস্তাবিত ২০০ মে.টন দেশী ও ৬০২ মে.টন তোষাসহ মোট ৮০২ মে.টন পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলে আগামী ২০১১-১২ বিতরণ মৌসুমে মোট ১৬০০ মে.টন (৭৯৮+৮০২) পাট বীজ সরবরাহের লক্ষ্যমাত্রা অপরিবর্তিত থাকবে।

পরবর্তীতে সভায় কার্যবিবরণীর বিষয়ে অন্য কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে পাট বীজ বিভাগের প্রস্তাবটি অন্তর্ভুক্তিসহ ৫৫তম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ২ ঃ ১৬/০১/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৫তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব ৫৫তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সীড প্রমোশন কমিটির ৫৫তম সভায় ৩টি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | **বিষয় ঃ ২০১১-১২ বর্ষে আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>(১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ৭৫০ মে.টন ভিত্তি ও ৬০০ মে.টন প্রত্যয়িত সহ মোট ১৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্বঃ বিএডিসি ও এসসিএ** | (১) ২০১১-১২ বর্ষে বিএডিসি'র খামারের মাধ্যমে মৌল বীজ হতে ১০৯ মে.টন ভিত্তি ও নিজস্ব মজুদ ভিত্তি বীজ হতে ৬৪১ মে.টন ভিত্তি সহ মোট ৭৫০ মে.টন ভিত্তি এবং কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনসমূহে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ভিত্তি বীজ হতে ৬০০ মে.টন প্রত্যয়িত শ্রেণীর অর্থাৎ সর্বমোট ১৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদন কার্যক্রম চলছে। বীজ উৎপাদন খামারে এবং কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনসমূহে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজতলা তৈরী করা হয়েছে এবং নির্ধারিত সময়ে জমিতে চারা রোপন কাজ শুরু হয়েছে। |
| | (২) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০১১-১২ বর্ষে ৭টি জাতের ২৩১০ কেজি ব্রিডার আউশ ধান বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। এছাড়াও কর্মসূচি বাস্তবায়নের জন্য বীজ উৎপাদন কার্যক্রমে বিএডিসি ২০১০-১১ বর্ষের নিজস্ব উৎপাদিত ভিত্তি-১ শ্রেণীর বীজ ব্যবহার করবে।<br>**দায়িত্বঃ ব্রি ও বিএডিসি** | (২) ২০১১-১২ বর্ষে ব্রি ৬টি জাতের ৮৩০ কেজি ব্রিডার আউশ ধান বীজ বিএডিসি'কে সরবরাহ করেছে। কর্মসূচি মোতাবেক বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিএডিসি ২০১০-১১ বর্ষের নিজস্ব উৎপাদিত ৪,৭৩০ কেজি ভিত্তি-১ শ্রেণীর বীজ ব্যবহার করেছে। এছাড়া ২০১২-১৩ বর্ষে ৯টি জাতের ৫,৫৬০ কেজি ব্রিডার আউশ ধান বীজ সরবরাহের জন্য 'ব্রি'র নিকট প্রস্তাব করা হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। **দায়িত্বঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান** | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রায় ৩,৫১০টি আউশ ধানের প্রদর্শনী প্লট স্থাপন ও বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হয়েছে মর্মে টেলিফোনের মাধ্যমে জানা যায়। |
| | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বেতার, টিভিসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। **দায়িত্বঃ কৃষি তথ্য সার্ভিস** | (৪) কৃষি তথ্য সার্ভিস গৃহীত কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বেতার এবং টিভিসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করছে। |
| | **বিষয় ঃ ২০১১-১২ বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | |
| | (১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ভিত্তি ১১৬ মে.টন (৬০ মে.টন দেশী ও ৫৬ মে.টন তোষা) এবং প্রত্যয়িত শ্রেণীর ১৪৮৪ মে.টন (৬৪০ মে.টন দেশী ও ৮৪৪ মে.টন তোষা) সহ মোট ১৬০০ মে.টন পাট বীজ উৎপাদন করবে। **দায়িত্বঃ বিএডিসি ও এসসিএ** | (১) বিএডিসি কর্তৃক ২০১১-১২ বর্ষে মৌল বীজ থেকে ভিত্তি ১১৬ মে.টন (৬০ মে.টন দেশী ও ৫৬ মে.টন তোষা) এবং ভিত্তি বীজ থেকে প্রত্যয়িত শ্রেণীর ৬৮৬ মে.টন (১৪০ মে.টন দেশী ও ৫৪৬ মে.টন তোষা) সহ মোট ৮০২ মে.টন পাট বীজ উৎপাদন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মাঠে পাট বীজ বপন কাজ মে মাস হতে শুরু হয়েছে। |
| | (২) ২০১১-১২ বর্ষের প্রস্তাবিত কর্মসূচি বাস্তবায়নের জন্য 'বিজেআরআই' ৪টি জাতের ১০৬০ কেজি এবং 'বিনা' ২টি জাতের ৪০ কেজি ব্রিডার শ্রেণীসহ মোট ১১০০ কেজি ব্রিডার শ্রেণীর পাট বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। **দায়িত্বঃ বিজেআরআই ও বিনা** | (২) ২০১১-১২ বর্ষে উৎপাদনের জন্য 'বিজেআরআই' এর নিকট থেকে ৪টি জাতের ১০৬০ কেজি এবং 'বিনা' এর নিকট থেকে ২টি জাতের ৪০ কেজি সহ মোট ১১০০ কেজি ব্রিডার শ্রেণীর পাট বীজ সরবরাহের জন্য চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। |
| | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। **দায়িত্বঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান** | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে প্রদর্শনী প্লট স্থাপন ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে টেলিফোনে জানা যায়। |
| | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য রেডিও, টিভিসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। **দায়িত্বঃ কৃষি তথ্য সার্ভিস** | (৪) কৃষি তথ্য সার্ভিস গৃহীত কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য রেডিও এবং টিভিসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করছে। |
| | **বিষয় ঃ ২০১১-১২ বর্ষে আউশ মৌসুমে 'নেরিকা' ধান বীজ উৎপাদন কার্যক্রম অনুমোদন।** | |
| | (১) আফ্রিকা থেকে আমদানীতব্য ৫.০০ মে.টন ভিত্তি শ্রেণীর 'নেরিকা' জাতের ধান বীজ হতে বিএডিসি ২০১১-১২ বর্ষের আউশ মৌসুমে ২৫০ মে.টন 'নেরিকা' জাতের ধান বীজ উৎপাদন করবে। **দায়িত্বঃ বিএডিসি** | (১) বিএডিসি ২০১১-১২ বর্ষের আউশ মৌসুমে বিভিন্ন খামারের মাধ্যমে আমদানীকৃত ৫.০ মে.টন প্রত্যায়িত শ্রেণীর নেরিকা জাতের বীজ দিয়ে ২৫০ একর জমিতে ৩৩০ মে.টন এবং নিজস্ব উৎপাদিত ও মজুদকৃত বীজ হতে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ৩৫৭ একর জমিতে ৩৫৭ মে.টন সহ মোট ৬৮৭ (২৫০+৩৫৭) মে.টন মানঘোষিত শ্রেণীর 'নেরিকা' জাতের ধান বীজ উৎপাদন ও পরিবর্ধনের কার্যক্রম বাস্তবায়ন করছে। |
| | (২) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য রেডিও, টিভিসহ সকল প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। | (২) কৃষি তথ্য সার্ভিস কর্তৃক বিএডিসি'র উৎপাদিত 'নেরিকা' জাতের বীজ বিক্রয়ের জন্য রেডিও, টিভিসহ সকল প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | **২০১১-১২** বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১০,৯৬০ মে.টন এবং ২০১০-১১ বর্ষে ২০,৪৩০ মে.টন আমন বীজ বিতরণ করেছে। ২০১০-১১ বর্ষে উৎপাদিত ২,৯৫৯ মে.টন ভিত্তি, ৫,০৫০ মে.টন প্রত্যায়িত ও ১৮,২০১ মে.টন মানঘোষিত সহ সর্বমোট ২৬,২১০ মে.টন আমন বীজ বিএডিসি'র নিকট ২০১১-১২ মৌসুমে বিতরণের জন্য মজুদ রয়েছে। ২০১১-১২ উৎপাদন মৌসুমে বিতরণের জন্য মজুদকৃত বীজ জেলাওয়ারী বরাদ্দসূচি জারী র কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>এ প্রেক্ষিতে মহাপরিচালক, বীজ উইং মহোদয় সভায় চলতি ২০১১-১২ বিতরণ মৌসুমে বিএডিসি'র মজুদকৃত ভিত্তি/প্রত্যায়িত/মানঘোষিত শ্রেণীর ব্রিধান-৩৪ ও ব্রিধান-৪৯ জাতের আমন ধান বীজ সংশ্লিষ্ট বীপ্র/বীউ কেন্দ্র কর্তৃক শোধনপূর্বক সরবরাহ দেয়ার জন্য মতামত প্রদান করেন।<br>সদস্য সচিব সভায় উপস্থাপন করেন যে, বর্তমানে মজুদকৃত ২,৯৫৭ মে.টন ভিত্তি বীজের মধ্য হতে বিএডিসি'র নিজস্ব বীজ উৎপাদনের কাজে প্রায় ২৮০ মে.টন বীজ ব্যবহৃত হবে। অবশিষ্ট ভিত্তি বীজ হতে চলতি ২০১১-১২ আমন মৌসুমে বীজ উৎপাদন কাজে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, এনজিও ও বেসরকারী বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ভিত্তি বীজের চাহিদা মেটানো হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ২০১১-১২ বর্ষের জন্য জাতীয় চাহিদার বিপরীতে প্রায় ৩১,৫০০ মে.টন আমন বীজ সরবরাহের চাহিদা জানানো হয়েছে।<br>বিএডিসি বীজ উৎপাদন প্রক্ষেপন অনুযায়ী দেশের মোট কৃষিতত্ত্বিক বীজের চাহিদার ৩৫% আমন বীজ সরবরাহের লক্ষ্যে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র জন্য ৩,৬৪২ মে.টন ভিত্তি, ৪,৪২৫ মে.টন প্রত্যায়িত এবং ২৩,৫৬৩ মে.টন মানঘোষিত সহ মোট ৩১,৬৩০ মে.টন আমন বীজ (বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির ৩,০০০ মে.টন সহ) উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>বিগত বছরসমূহে বিএডিসি'র বীজ বিতরণ ধারা, আধুনিক ও নতুন উদ্ভাবিত সম্ভাবনাময় জাতসমূহের প্রসারের বিষয় বিবেচনায় নিয়ে ২০১২-১৩ মৌসুমে বিতরণের জন্য ২০১১-১২ বর্ষে জাতভিত্তিক বীজ উৎপাদনের প্রস্তাবিত ৩১,৬৩০ মে.টন আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>এ পর্যায়ে মহাপরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয় মহোদয় বিএডিসি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন জাতের আমন বীজের ক্ষেত্রে বিআর-১১ জাত ৬৯৫০ মে.টনের বিপরীতে কমিয়ে ৪৯৪৯ মে.টন, ব্রিধান-৩৪ জাত ১৫৪৬ মে.টন হতে বাড়িয়ে ২০০০ মে.টন, ব্রিধান-৪৬ জাত ২৫০ মে.টন হতে বাড়িয়ে ৪০০ মে.টন, বিনাধান-৭ জাত ৩৯৬৮ মে.টন হতে বাড়িয়ে ৪০০০ মে.টন এবং বিউধান-১ জাত ৫০ মে.টন হতে বাড়িয়ে ১০০ মে.টন সর্বমোট ৩১,৬৩০ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য মতামত ব্যক্ত করেন। এর আলোকে 'ব্রি'র প্রতিনিধিসহ সভার সকল সদস্য একমত পোষণ করেন। | (১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ৩,৬৪২ মে.টন ভিত্তি, ৪২২৫ মে.টন প্রত্যায়িত এবং ২৩৭৬৩ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৩১,৬৩০ মে.টন (বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির ৩,০০০ মে.টন সহ) আমন বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-'ক')।<br>(২) ২০১১-১২ বর্ষে 'ব্রি' ১৯টি জাতের ১৮,৪১৫ কেজি, বিনা ৩টি জাতের ৩,৮৭০ কেজি এবং বশেমুরকৃবি ১টি জাতের ১০০০ কেজি মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-'ক')।<br>(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে।<br>(৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় আমন বীজ বিক্রয়ের জন্য রেডিও, টিভি ও সংবাদপত্রসহ সকল প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। | বিএডিসি ও এসসিএ<br>ব্রি, বিনা ও বশেমুরকৃবি<br>ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান<br>কৃষি তথ্য সার্ভিস |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এ প্রেক্ষিতে সদস্য সচিব জানান যে, বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে প্রস্তাবিত বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের জন্য মোট ২৩,২৮৫ কেজি মৌল বীজের প্রয়োজন। উক্ত বীজ 'ব্রি' হতে ১৮,৪১৫ কেজি, 'বিনা' থেকে ৩,৮৭০ কেজি এবং বশেমুরকৃবি হতে ১,০০০ কেজি মৌল আমন বীজ সরবরাহের প্রস্তাব করেন। গবেষণা প্রতিষ্ঠানসমূহ হতে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় পরিমাণ মৌল বীজ সরবরাহ পাওয়া গেলে বিএডিসি কর্তৃক ভিত্তি বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করা সম্ভব হবে। অন্যথায় বিএডিসি'র নিজস্ব ভিত্তি বীজ দ্বারা ভিত্তি বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | | |
| ০৪ | ২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ) সভায় জানান যে, ২০১০-১১ বর্ষে বিএডিসি'র আওতাধীন বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে আমন ধান বীজের উৎপাদন ও সংগ্রহ লক্ষ্যমাত্রা ২,২৫০ মে. টনের বিপরীতে ২,০৭৫ মে.টন আমন বীজ সংগৃহীত হয়।<br>তিনি সভায় বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে বীজ উৎপাদন ও সরবরাহ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ২০১১-১২ বর্ষে ৩,০০০ মে.টন বিভিন্ন জাতের মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করেন। | বিএডিসি 'বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ১০০ মে.টন বিআর-২২, ১৪০০ মে.টন বিআর-২৩, ৫৫০ মে.টন ব্রিধান-৩০, ১৫০ মে.টন ব্রিধান-৩২, ৩৫০ মে.টন ব্রিধান-৪০, ৫০ মে.টন ব্রিধান-৪১, ২০০ মে.টন ব্রিধান-৪৬, ৮০ মে.টন বিনাশাইল এবং ১২০ মে.টন নাইজারশাইল জাত সহ সর্বমোট ৩,০০০ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-'ক')। | বিএডিসি |
| ০৫ | ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | **৫.১ ডালবীজ ঃ**<br>**৫.১.১ মুগ বীজ ঃ**<br>সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ২৮৭.২৩ মে.টন এবং ২০১০-১১ বর্ষে ৩৮১.৮১৯ মে.টন মুগ বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৪১৪.৫০ মে.টন মুগ বীজ বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। বারি ও বিনা থেকে যে সকল নতুন জাত অবমুক্ত করা হয়েছে, তা কৃষক পর্যায়ে জনপ্রিয় করা দরকার। তাছাড়া দেশের ডাল জাতীয় ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ডাল জাতীয় বীজের সরবরাহ বাড়ানো বিবেচনা করে বিএডিসি কর্তৃক ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে ১৩৫.০০ মে.টন ভিত্তি ও ৩৫৫.০০ মে.টন মানঘোষিত সহ মোট ৪৯০.০০ মে.টন মুগ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>এ লক্ষ্যে ২৮০০ কেজি বারিমুগ-৬, ১৮০০ কেজি বিনামুগ-৫, ২০০ কেজি বিনামুগ-৭ ও ৬০০ কেজি বিউইউমুগ-৪ জাত সহ মোট ৫,৪০০ কেজি মৌলবীজ প্রয়োজন হবে। | ১) বিএডিসি'র ২০১১-১২ বর্ষে ১৪০ মে.টন ভিত্তি এবং ৩৫৫ মে.টন মানঘোষিতসহ মোট ৪৯৫ মে.টন মুগ বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-খ)।<br>২) ২০১১-১২ বর্ষে ২৮০০ কেজি বারিমুগ-৬, ১৮০০ কেজি বিনামুগ-৫, ২০০ কেজি বিনামুগ-৭, ১৮০ কেজি বিনামুগ-৮, ৬০০ কেজি বিউইউমুগ-৪ জাতসহ মোট ৫,৫৮০ কেজি মৌলবীজ বারি, বিনা ও বিইউ কর্তৃক বিএডিসি'কে সরবরাহ করবে (পরিশিষ্ট-খ)।<br>৩) গবেষণা প্রতিষ্ঠানসমূহ অধিক ফলনশীল, বৃষ্টি সহনীয়, একসাথে কর্তন ও সংগ্রহযোগ্য মুগ বীজের জাত উদ্ভাবনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সেই সাথে ডিএই কর্তৃক কৃষক পর্যায়ে নতুন জাতগুলোর সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করবে। | বিএডিসি<br><br>বারি, বিনা ও বশেমুরকৃবি<br><br>ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৫.১.২ মসুর বীজ ঃ<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ২১৭.১০১ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৪৫৪.০৭৭ মে.টন মসুর বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৪৬৬.৩৮৫ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ১১০.০০ মে.টন ভিত্তি এবং ৩৯০.০০ মে.টন মানঘোষিত সহ মোট ৫০০.০০ মে.টন মসুর বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন।<br>২০১১-১২ বর্ষের উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ১৬০০ কেজি বারিমসুর-৩, ৪০০ কেজি বারিমসুর-৪, ৪০০ কেজি বারিমসুর-৫, ১৬০০ কেজি বারিমসুর-৬ এবং ২০০ কেজি বিনামসুর-২ ও ২০০ কেজি বিনামসুর-৩ জাত সহ মোট ৪৪০০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে। | ১) বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে বিভিন্ন জাতের ১১০ মে.টন ভিত্তি এবং ৩৯০ মে.টন মানঘোষিত বীজ সহ মোট ৫০০ মে.টন মসুর বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-খ)।<br>২) ২০১১-১২ বর্ষে ৫০০ কেজি বারিমসুর-৩, ১৫০০ কেজি বারিমসুর-৪, ৪০০ কেজি বারিমসুর-৫ ও ১৬০০ কেজি বারিমসুর-৬ সহ মোট ৪০০০ কেজি মৌলবীজ বারি কর্তৃক এবং ২০০ কেজি বিনামসুর-২ ও ২০০ কেজি বিনামসুর-৩ সহ মোট ৪০০ কেজি মৌলবীজ বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-খ)। | বিএডিসি<br><br>বারি ও বিনা |
| | | ৫.১.৩ **ছোলা বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩৪.৬৬৬ মে. টন ও ২০১০-১১ বর্ষে ৫৬.৭৩০ মে.টন ছোলা বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৮৮.০০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ মৌসুমে বিতরণের লক্ষ্যে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৩০.০০ মে.টন ভিত্তি ও ৬০.০০ মে.টন মানঘোষিত সহ মোট ৯০.০০ মে.টন ছোলা বীজ উৎপাদন লক্ষমাত্রা নির্ধারণ করা প্রয়োজন।<br>বর্ণিত উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ২০১১-১২ বর্ষে ৭৭৫ কেজি বারিছোলা-৫, ২৬০ কেজি বিনাছোলা-৪ এবং ৫২০ কোজি বিইউছোলা-১ সহ মোট ১৫৫৫ কেজি মৌল বীজ প্রয়োজন হবে। | ১) বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ভিত্তি ৩০.০০ মে.টন ও মানঘোষিত ৬০.০০ মে.টন সহ মোট ৯০.০০ মে.টন ছোলা বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-গ)।<br>২) ২০১১-১২ বর্ষে ৭৭৫ কেজি বারিছোলা-৫, ২৬০ কেজি বিনাছোলা-৪, ২০০ কেজি বিনাছোলা-৫ এবং ৫২০ কেজি বিইউছোলা-১ জাত সহ মোট ১৭৫৫ কেজি মৌলবীজ বারি, বিনা ও বশেমুরকৃবি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-গ)। | বিএডিসি<br><br>বারি, বিনা ও বশেমুরকৃবি |
| | | ৫.১.৪ **মাসকলাই বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৬১.৮৭৬ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৯৭.৭২৮ মে.টন মাসকলাই বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ১৬১.১৩০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ২০ মে.টন ভিত্তি ও ১৯৫ মে.টন মানঘোষিত সহ মোট ২১৫ মে.টন মাসকলাই বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে ২০১১-১২ বর্ষে বারিমাস-৩ জাতের ৯৬০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে। | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ২০ মে.টন ভিত্তি ও ২০০ মে.টন মানঘোষিত সহ মোট ২২০ মে.টন মাসকলাই বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-গ)।<br>২) ২০১১-১২ বর্ষে বারিমাস-৩ জাতের ৯৬০ কেজি মৌল বীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-গ)। | বিএডিসি<br><br>বারি |
| | | ৫.১.৫ **খেসারী বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৫৩.৯৩৬ মে.টন ও ২০১০-১১ বর্ষে ১২০.৫৩০ মে.টন খেসারী বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ১৩৯.২৯০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে বারি উদ্ভাবিত ২টি (বারিখেসারী-১ ও ২) জাতের ১৫ মে.টন এবং বিনা'র ১টি (বিনাখেসারী-১) জাতের ১৫ মে.টন সহ মোট ৩০.০০ মে.টন ভিত্তি এবং বারিখেসারী-১ ও ২ জাতের ৭০ মে.টন ও বিনাখেসারী-১ জাতের ৫০ মে.টন সহ মোট ১১০.০০ মে.টন মানঘোষিত সহ সর্বমোট ১৪০.০০ মে.টন খেসারী বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। | ১) বিএডিসি ২০১০-১১ বর্ষে বারি উদ্ভাবিত ২টি (বারিখেসারী-১ ও ২) এবং বিনা'র ১টি (বিনাখেসারী-১) জাতের মোট ৩০ মে.টন ভিত্তি ও ১১০ মে.টন মানঘোষিত সহ মোট ১৪০ মে.টন খেসারী বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-গ)। | বারি ও বিনা |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১১-১২ বর্ষে বারিখেসারী-১ ও বারিখেসারী-২ জাতের মোট ৭২০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ৭২০ কেজি সহ সর্বমোট ১৪৪০ কেজি মৌলবীজ প্রয়োজন হবে। | ২) ২০১১-১২ বর্ষে বারিখেসারী-১ ও বারিখেসারী-২ জাতের মোট ৭২০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ৭২০ কেজি মৌলবীজ যথাক্রমে বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-গ)। | বারি ও বিনা |
| | | **৫.১.৬ মটর বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩.৬৭৭ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৪১.১২৫ মে.টন মটর বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৪৫.০০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৪৫ মে.টন মানঘোষিত বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন।<br>উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১১-১২ বর্ষে বিএডিসি মটর-১ জাতের মানঘোষিত শ্রেণীর নিজস্ব ভিত্তি বীজের মজুদ হতে ব্যবহার করা প্রয়োজন। | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ৪৫ মে.টন মানঘোষিত বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-ঘ)।<br>২) ২০১১-১২ বর্ষে বিএডিসি'র নিজস্ব মজুদ হতে বিএডিসি মটর-১ জাতের মানঘোষিত শ্রেণীর বীজ ব্যবহার করবে (পরিশিষ্ট-ঘ)। | বিএডিসি<br>বিএডিসি |
| | | **৫.১.৭ ফেলন বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১০ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৫৪.৫০০ মে.টন বারিফেলন-১ জাতের বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ মৌসুমে ৭৫.০০ মে. টন বীজ বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১০.০০ মে.টন ভিত্তি ও ৬০.০০ মে. টন মানঘোষিত সহ মোট ৭০.০০ মে.টন ফেলন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন।<br>উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১১-১২ বর্ষে বারিফেলন-১ জাতের ৫০০ কেজি মৌলবীজ দরকার।<br>এ পর্যায়ে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় আলোচনায় অংশগ্রহণপূর্বক বিএডিসি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন জাতের ডাল বীজের ক্ষেত্রে বিশেষভাবে মুগ, মসুর ছোলা, মাসকলাই ও ফেলন বীজের বিস্তারিত বর্ণনা করে উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানোর বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।<br>মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের নির্দেশনার আলোকে প্রকল্প পরিচালক (ডাল ও তৈল বীজ), বিএডিসি সভায় জানান যে, ডাল বীজের উৎপাদন বাড়ানো হলে অনেক ক্ষেত্রে মৌসুম শেষে অবিক্রিত থাকার সম্ভাবনা রয়েছে। তাই ২০১১-১২ বর্ষের জন্য প্রস্তাবিত লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে মুগ, মসুর ছোলা, মাসকলাই ও ফেলন বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে। | ১) বিএডিসি ২০১১-১২বর্ষে ১০ মে.টন ভিত্তি ও ৬৫ মে.টন মানঘোষিত সহ মোট ৭৫ মে.টন ফেলন বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-ঘ)।<br>২) ২০১১-১২ বর্ষে বারিফেলন-১ জাতের ৫০০ কেজি মৌলবীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-ঘ)। | বিএডিসি<br>বারি |
| | | **৫.২ তৈলবীজ ঃ**<br>**৫.২.১ সরিষা বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩৮৭.২১২ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৬৪৮.০৬৫ মে.টন সরিষা বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৭৩৮.৩০০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১৬০.০০ মে.টন ভিত্তি ও ৬৪০.০০ মে.টন মানঘোষিত সহ মোট ৮০০.০০ মে. টন সরিষা বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১১-১২ বর্ষে ৭০০ কেজি টরি-৭, ৩০০ কেজি সম্পদ, ৩৫০ কেজি বাবিসরিষা-৯, ১০০ কেজি বারিসরিষা-১১, ২০ কেজি বারিসরিষা-১৪, ৫০ কেজি বারিসরিষা-১৫ এবং ৫০ কেজি বিনাসরিষা-৫ জাতসহ মোট ১৫৭০ কেজি মৌলবীজ প্রয়োজন হবে। | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ১৬০ মে.টন ভিত্তি ও ৬৪০ মে.টন মানঘোষিত সহ মোট ৮০০ মে.টন সরিষা বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-ঙ)।<br>২) ২০১১-১২ বর্ষে ৩০০ কেজি সম্পদ, ৮০০ কেজি বারিসরিষা-৯, ১০০ কেজি বারিসরিষা-১১, ৭০ কেজি বারিসরিষা-১৪, ২৫০ কেজি বারিসরিষা-১৫ এবং ৫০ কেজি বিনাসরিষা-৫ সহ মোট ১৫৭০ কেজি মৌলবীজ বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-ঙ)। | বিএডিসি<br>বারি ও বিনা |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৫.২.২ চীনাবাদাম বীজ ঃ<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১৫২.৪৪২ মে.টন ও ২০১০-১১ বর্ষে ১৬৪.৯৮৩ মে.টন চীনাবাদাম বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ১৬৭.৭১০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৪৮.০০ মে.টন ভিত্তি ও ১৮০.০০ মে. টন মানঘোষিত সহ মোট ২২৮.০০ মে. টন চীনাবাদাম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>এ জন্য ২৪০০ কেজি ঢাকা-১, ১২০০ কেজি ঝিংগাবাদাম, ১০০ কেজি বারিবাদাম-৮, ১১০০ কেজি বিনাবাদাম-৪ জাত সহ মোট ৪৮০০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে। | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে বিভিন্ন জাতের ৩০ মে.টন ভিত্তি ও ১৮০ মে.টন মানঘোষিত সহ মোট ২১০ মে.টন চীনাবাদাম বীজ উৎপাদন সরবরাহ করবে (পরিশিষ্ট-ঙ)।<br>২) ২০১১-১২ বর্ষে ৬০০ কেজি বারিবাদাম-৮, ২০০০ কেজি বিনাবাদাম-৪ জাত সহ মোট ২৬০০ কেজি মৌল বীজ বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-ঙ)। | বিএডিসি<br>বারি ও বিনা |
| | | ৫.২.৩ **সয়াবীন বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১৫০.৯৬১ মে.টন ও ২০১০-১১ বর্ষে ১২১.৭৪১ মে.টন সয়াবীন বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৩২০.৪২৫ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৮০.০০ মে.টন ভিত্তি ও ২৪০.০০ মে.টন মানঘোষিত সহ মোট ৩২০.০০ মে.টন সয়াবীন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>এ জন্য ২০১১-১২ বর্ষে খরিপ-২ মৌসুমে ৩১৫ কেজি সোহাগ, ৩১৫ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২২০০ কেজি সোহাগ, ১৮৯০ কেজি বারিসয়াবীন-৫ এবং ৩১৫ কেজি বারিসয়াবীন-৬ জাত সহ মোট ৫,০৩৫ কেজি মৌলবীজ প্রয়োজন। | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ৮০ মে.টন ভিত্তি ও ২৪০ মে.টন মানঘোষিত সহ মোট ৩২০ মে.টন সয়াবীন বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-চ)।<br>২) ২০১১-১২ বর্ষে খরিপ-২ মৌসুমে ৩১৫ কেজি সোহাগ, ২৫২ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২২০০ কেজি সোহাগ, ১৮৯০ কেজি বারিসয়াবীন-৫, ৩১৫ কেজি বারিসয়াবীন-৬ জাত সহ মোট ২০০ কেজি বিনাসয়াবিন-১, ২০০ কেজি বিনাসয়াবিন-২ জাত সহ মোট ৫৩৭২ কেজি মৌলবীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-চ)। | বিএডিসি<br>বারি |
| | | ৫.২.৪ **সূর্যমুখী বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩.২৯৯ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৭.০৮৬ মে.টন সূর্যমুখী বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ১২.১০ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ২.০০ মে.টন ভিত্তি ও ১০.০০ মে.টন মানঘোষিত সহ মোট ১২.০০ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ২০১১-১২ বর্ষে ২০ কেজি কিরনী ও ২০ কেজি বারিসূর্যমুখী-২ জাত সহ মোট ৪০ কেজি মৌল বীজের প্রয়োজন। | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ২ মে.টন ভিত্তি ও ১০ মে.টন মানঘোষিত সহ মোট ১২ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-চ)।<br>২) ২০১১-১২ বর্ষে কিরনী জাতের ২০ কেজি ও বারি সূর্যমুখী-২ জাতের ২০ কেজি সহ মোট ৪০ কেজি মৌল বীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-চ)। | বিএডিসি<br>বারি |
| | | ৫.২.৫ **তিল বীজ ঃ**<br>বিএডিসি ২০০৯-১০ বর্ষে ৩৩.৫৩৪ মে.টন ও ২০১০-১১ বর্ষে ৭৩.১১৯ মে.টন তিল বীজ বিতরণ করেছে এবং ২০১১-১২ বর্ষে ৭৭.২২৫ মে.টন বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১২-১৩ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১১-১২ | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ২০ মে.টন ভিত্তি ও ৭০ মে.টন মানঘোষিত সহ মোট ৯০ মে.টন তিল বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-চ)। | বিএডিসি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বর্ষে বিএডিসি'র মাধ্যমে ২০.০০ মে.টন ভিত্তি ও ৭০.০০ মে.টন মানঘোষিত সহ মোট ৯০.০০ মে.টন তিল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে।<br>উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১১-১২ বর্ষে ২৪ কেজি বারিতিল-২, ৭২ কেজি বারিতিল-৩, ২৪ কেজি বারিতিল-৪, ২৪ কেজি বিনাতিল-১ এবং ৯৬ কেজি টি-৬ জাত সহ মোট ২৪০ কেজি মৌল বীজ প্রয়োজন হবে।<br>এ পর্যায়ে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় পুনরায় বিএডিসি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন জাতের তেল বীজ বিশেষ করে সরিষা, চীনাবাদাম, সয়াবিন ও তিল বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানোর বিষয়ে মতামত জানান।<br>এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক (ডাল ও তৈল বীজ), বিএডিসি সভায় ২০১১-১২ বর্ষের জন্য প্রস্তাবিত লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে সরিষা, চীনাবাদাম, সয়াবিন ও তিল বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাড়ানো যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | ২) ২০১১-১২ বর্ষে ২৪ কেজি বারিতিল-২, ১১৮ কেজি বারিতিল-৩, ২৪ কেজি বারিতিল-৪, ২৪ কেজি বিনাতিল-১ এবং ৫০ কেজি বিনাতিল-২ সহ মোট ২৪০ কেজি মৌল বীজ বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে (পরিশিষ্ট-চ)। | বারি ও বিনা |
| ০৬ | **বিবিধ ঃ ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২৩১৭ মে.টন বীজআলু সংগ্রহোত্তর অনুমোদন** | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, ২০১০-১১ বর্ষে সীড প্রমোশন কমিটির ৫৩তম সভায় ১৮০২৪ মে.টন বীজআলু উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। পরবর্তীতে সোনালী ব্যাংক লিঃ এর নিকট হতে টাঙ্গাইল জেলার ধনবাড়ী উপজেলাস্থ মালতী হিমাগার ক্রয়ের প্রেক্ষিতে বিএডিসি'র মাধ্যমে ২০১০-১১ বর্ষে নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত বিভিন্ন জাতের ২৩১৭ মে.টন বীজআলু উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। ফলশ্রুতিতে ২০১০-১১ বর্ষে সর্বমোট ২০৩৪১ মে.টন (১৮০২৪+২৩১৭) বীজআলু চূড়ান্তভাবে উৎপাদন ও বিভিন্ন হিমাগারে সংরক্ষণ করা হয়। কাজেই অদ্যকার সভায় ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২৩১৭ মে.টন বীজআলু সংগ্রহোত্তর অনুমোদন প্রদানের জন্য প্রস্তাব করা হলো। | বিএডিসি কর্তৃক ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২৩১৭ মে.টন বীজআলুর সংগ্রহোত্তর অনুমোদন করা হলো। | বিএডিসি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৫/২০১১

(কাজী আখতার হোসেন)
সভাপতি, সীড প্রমোশন কমিটি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়।

# ২০১১-১২ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণীর তথ্য

| জাত | বীজ বিতরণ (মে.টন) | | | ডিএই'র চাহিদা (মে.টন) | | ২০১১-১২ বর্ষে বিএডিসি'র বীজের মজুদ (মে.টন) | | | | | | মৌল বীজের চাহিদা (কেজি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ (বীজের প্রাপ্যতা) | ২০১১-১২ | ২০১২-১৩ | ভিত্তি-১ | ভিত্তি-২ | মোট ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট | ২০১১-১২ | ২০১২-১৩ |
| বিআর-১০ | ৮৩২.৯৮ | ১২৪৫.৩০ | ১৫০৫.৭০ | | | ৩৮৯.৫৫ | ০.০০ | ৩৮৯.৫৫ | ২৫৮.৬৪ | ৮৫৭.৫১ | ১৫০৫.৭০ | ২০০০ | ২০০০ |
| বিআর-১১ | ৫৯৫২.৮৫ | ১০৮৯০.০৬ | ৮১২৩.২৯ | | | ৩২৭.১৭ | ০.০০ | ৩২৭.১৭ | ২৫৯৪.২৮ | ৫২০১.৮৪ | ৮১২৩.২৯ | ১৬২০ | ১৬২০ |
| বিআর-২২ | ২২০.১২ | ৫০২.৫১ | ৬৯৮.৯৮ | ১০৫০ | ১০৫০ | ৯.৭১ | ০.০০ | ৯.৭১ | ৪০.২০ | ৬৪৯.০৭ | ৬৯৮.৯৮ | ২৫০ | ২৫০ |
| বিআর-২৩ | ২২৫.৭৩ | ১৩৭৭.৮৭ | ২১২০.০৯ | ২০০০ | ২০০০ | ৪১.০৬ | ০.০০ | ৪১.০৬ | ৮০.০০ | ১৯৯৯.০৩ | ২১২০.০৯ | ২৫০ | ২৫০ |
| ব্রিধান-৩০ | ৭৬৫.৫৫ | ১১২৪.৫৫ | ১২৫১.৯৯ | ৩০০০ | ৩০০০ | ৭১.০২ | ২৩৪.৮৮ | ৩০৫.৮৯ | ১৯০.৯৬ | ৭৫৫.১৪ | ১২৫১.৯৯ | ১৭০০ | ১৭০০ |
| ব্রিধান-৩১ | ২৭.৩৫ | ৫৮.৫০ | ৭১.৫৫ | ২০০০ | ২০০০ | ২৬.৯৮ | ০.০০ | ২৬.৯৮ | ১৩.৮০ | ৩০.৭৮ | ৭১.৫৫ | ৫০ | ৫০ |
| ব্রিধান-৩২ | ৮১৩.০৯ | ১৪৩১.৭৭ | ২২৬৬.৮১ | ৩০০০ | ৩০০০ | ৩৯.৪৬ | ০.০০ | ৩৯.৪৬ | ৬০৯.৫৭ | ১৬১৭.৭৯ | ২২৬৬.৮১ | ১০৫০ | ১০৫০ |
| ব্রিধান-৩৩ | ৪৭০.৭৪ | ৫৪৩.৮৯ | ৯৪২.৫৩ | ৩৫০০ | ৩৫০০ | ৯৯.২১ | ৬৩.৩১ | ১৬২.৫২ | ১৪২.৯৫ | ৬৩৭.০৬ | ৯৪২.৫৩ | ১২০০ | ১২০০ |
| ব্রিধান-৩৪ | ২১৭.৫১ | ২২২.৬১ | ১০৪৩.৩২ | ১৫০০ | ১৫০০ | ২৭.৪৫ | ০.০০ | ২৭.৪৫ | ১৩৬.১৫ | ৮৭৯.৭২ | ১০৪৩.৩২ | ৪৫৫ | ৪৫৫ |
| ব্রিধান-৩৭ | ০.০০ | ৩.০০ | ৫৬.৪২ | ২০০ | ২০০ | ৫.২০ | ০.০০ | ৫.২০ | ৪.০৩ | ৪৭.১৯ | ৫৬.৪২ | ৫০ | ৫০ |
| ব্রিধান-৩৮ | ০.০০ | ৭.৬৭ | ৩৪.৩৬ | ২০০ | ২০০ | ১৫.৪৮ | ০.০০ | ১৫.৪৮ | ২.৭৮ | ১৬.১১ | ৩৪.৩৬ | ১৫০ | ১৫০ |
| ব্রিধান-৩৯ | ৩৭২.৯৩ | ৫০৬.১৮ | ৮৬১.৭০ | ১২০০ | ১২০০ | ৮০.৭১ | ১১৬.৮১ | ১৯৭.৫১ | ২৪০.৮৭ | ৪২৩.৩২ | ৮৬১.৭০ | ২০০০ | ২০০০ |
| ব্রিধান-৪০ | ৩৫১.৪১ | ১০৯৩.৩৪ | ১৩৫১.৯১ | ২৫০০ | ২৫০০ | ১১৩.২৭ | ৫৬.৩১ | ১৬৯.৫৮ | ১৩০.৯৮ | ১০৫১.৩৬ | ১৩৫১.৯১ | ১০৪০ | ১০৪০ |
| ব্রিধান-৪১ | ৬৭৩.৭৮ | ৮৯৪.২৪ | ৪১৩.২৯ | ৮০০ | ৮০০ | ৭৫.৫৬ | ০.০০ | ৭৫.৫৬ | ১৭.৪৫ | ৩২০.২৯ | ৪১৩.২৯ | ৪০০ | ৪০০ |
| ব্রিধান-৪৪ | ১১.৬৮ | ১৭৭.২৫ | ৩৭০.৭২ | ১৫০০ | ১৫০০ | ১৬৩.১৫ | ৮৬.৬৭ | ২৫১.৫৯ | ২৬.৪৩ | ৯২.৭০ | ৩৭০.৭২ | ১৭০০ | ১৭০০ |
| ব্রিধান-৪৬ | ০.০০ | ২৬.২০ | ৯৯.২৯ | ২৫০ | ২৫০ | ৪৬.৭৩ | ০.০০ | ৪৬.৭৩ | ১৭.৪৩ | ৩৫.১৩ | ৯৯.২৯ | ১২০০ | ১২০০ |
| ব্রিধান-৪৯ | ০.০০ | ২৪.২৪ | ২৫৩৪.৩১ | ৪০০০ | ৪০০০ | ৪৬৭.১২ | ০.০০ | ৪৬৭.১২ | ৫৪৩.৩১ | ১৫২৩.৮৯ | ২৫৩৪.৩১ | ৩০০০ | ৩০০০ |
| ব্রিধান-৫১ | | | ২.৩৭ | ১০০ | ১০০ | ১.৯৮ | ০.০০ | ১.৯৮ | | ০.৩৯ | ২.৩৭ | ১০০ | ১০০ |
| ব্রিধান-৫২ | | | ১.৯৩ | ১০০ | ১০০ | ১.৫৪ | ০.০০ | ১.৫৪ | | ০.৩৯ | ১.৯৩ | ১০০ | ১০০ |
| বিনাশাইল | ৪.৯৭ | ১০৭.৯৯ | ৬৩.৪৬ | ২৫০ | ২৫০ | ৪.২৫ | ০.০০ | ৪.২৫ | | ৫৯.২১ | ৬৩.৪৬ | ৫০ | ৫০ |
| নাঃ শাইল | ৮.৩২ | ৯৮.৯২ | ১১০.৭৭ | ৩৫০ | ৩৫০ | ৬.৬৩ | ০.০০ | ৬.৬৩ | | ১০৪.১৪ | ১১০.৭৭ | ১০০ | ১০০ |
| বিনাধান-৭ | ১১.৫৪ | ৮৬.৪৭ | ২২০৯.৯২ | ৪০০০ | ৪০০০ | ১০০.৪৮ | ২২৩.১০ | ৩২৩.৫৮ | | ১৮৮৬.৩৪ | ২২০৯.৯২ | ৩৮২০ | ৩৮২০ |
| বিইউ ধান-১ | ০.০০ | ২.৫৩ | ৬২.৬০ | | | ৬২.৬০ | ০.০০ | ৬২.৬০ | | | ৬২.৬০ | ১০০০ | ১০০০ |
| খৈয়ামটর | ০.০০ | ৫.০০ | ৮.৩৭ | | | | ০.০০ | ০.০০ | | ৮.৩৭ | ৮.৩৭ | | |
| আমেই | | | ০.১০ | | | | | ০.০০ | | ০.১০ | ০.১০ | | |
| হাসিম | | | ২.৫০ | | | | | ০.০০ | | ২.৫০ | ২.৫০ | | |
| তারাগ | | | ০.৪০ | | | | | ০.০০ | | ০.৪০ | ০.৪০ | | |
| কাটারীভোগ | | | ১.৭৫ | | | | | ০.০০ | | ১.৭৫ | ১.৭৫ | | |
| মোট ঃ | ১০৯৬০.৫৫ | ২০৪৩০.০৯ | ২৬২১০.৪৫ | ৩১৫০০ | ৩১৫০০ | ২১৭৬.২৮ | ৭৮১.০৭ | ২৯৫৯.১২ | ৫০৪৯.৮২ | ১৮২০১.৫২ | ২৬২১০.৪৫ | ২৩২৮৫ | ২৩২৮৫ |

## ২০১১-১২ বর্ষে আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাবনা (মে.টন)

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| বিআর-১০ | ৩৬৮ | ২০০ | ১০৩২ | ১৬০০ |
| বিআর-১১ | ৩০৬ | ১৮০০ | ২৮৪৩ | ৪৯৪৯ |
| বিআর-২২ | ৪০ | ৫০ | ১৯১০ | ২০০০ |
| বিআর-২৩ | ৪২ | ১০০ | ২৭৫৮ | ২৯০০ |
| ব্রিধান-৩০ | ২৬৮ | ১০০ | ৯৪০ | ১৩০৮ |
| ব্রিধান-৩১ | ৮ | | ৯২ | ১০০ |
| ব্রিধান-৩২ | ১৬৮ | ৩৭৫ | ১৪৫৭ | ২০০০ |
| ব্রিধান-৩৩ | ১৭৪ | | ৯২৬ | ১১০০ |
| ব্রিধান-৩৪ | ৫০ | ৪০০ | ১৫৫০ | ২০০০ |
| ব্রিধান-৩৭ | ৫ | | ১৫০ | ১৫৫ |
| ব্রিধান-৩৮ | ১৬ | | ১৩৪ | ১৫০ |
| ব্রিধান-৩৯ | ২৬৬ | ১০০ | ৮০০ | ১১৬৬ |
| ব্রিধান-৪০ | ১৫১ | ৫০ | ১১৯৯ | ১৪০০ |
| ব্রিধান-৪১ | ৫৮ | | ৩৪২ | ৪০০ |
| ব্রিধান-৪৪ | ৩৫৭ | | ১৩০ | ৪৮৭ |
| ব্রিধান-৪৬ | ১৮০ | | ২২০ | ৪০০ |
| ব্রিধান-৪৯ | ৪৮০ | ৪৫০ | ৪০৭০ | ৫০০০ |
| ব্রিধান-৫১ | ১৫ | | ৮৫ | ১০০ |
| ব্রিধান-৫২ | ১৫ | | ৮৫ | ১০০ |
| বিনাশাইল | ৫ | | ৮০ | ৮৫ |
| নাঃ শাইল | ১০ | | ১২০ | ১৩০ |
| বিনাধান-৭ | ৫৬০ | ৬০০ | ২৮৪০ | ৪০০০ |
| বিইউ ধান-১ | ১০০ | | | ১০০ |
| মোট ঃ | ৩৬৪২ | ৪২২৫ | ২৩৭৬৩ | ৩১৬৩০ |

## ২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মানঘোষিত আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাবনা (মে.টন)

| জাত | পরিমাণ (মে.টন) |
|---|---|
| বিআর-২২ | ১০০ |
| বিআর-২৩ | ১৪০০ |
| ব্রিধান-৩০ | ৫৫০ |
| ব্রিধান-৩২ | ১৫০ |
| ব্রিধান-৪০ | ৩৫০ |
| ব্রিধান-৪১ | ৫০ |
| ব্রিধান-৪৬ | ২০০ |
| বিনাশাইল | ৮০ |
| নাঃ শাইল | ১২০ |
| মোট ঃ | ৩০০০ |

## ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণীর তথ্য

**১.০ ডাল বীজ ঃ**

১.১ মুগবীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| | বারিমুগ-৫ | ২৩.৫০৪ | ১২.০৩৯ | ৮.১৯ | বারিমুগ-৫ | | **খরিফ-২ ঃ** | | | | **খরিফ-২ ঃ** | | |
| ভিত্তি ১৩৫ মেঃ টন | বারিমুগ-৬ | ২০৪.৭৪৫ | ২৭০.৩৮৩ | ২২২.৮৮ | বারিমুগ-৬ | | বারিমুগ-৬ | ৫ | ১০ | ১৫ | বারিমুগ-৬ | ২০০ | ২৫০ |
| মানঘোষিত ৩৬৫ মেঃটন | বিনামুগ-২ | ০.০৮২ | ০ | ০ | বিনামুগ-২ | | **খরিফ-১ ঃ** | | | ০ | **খরিফ-১ ঃ** | | |
| | বিনামুগ-৫ | ৫১.৩২২ | ৭৯.২৪৩ | ১২৯.০১ | বিনামুগ-৫ | | বারিমুগ-৬ | ৬৫ | ১৮০ | ২৪৫ | বারিমুগ-৬ | ২৬০০ | ৩০০০ |
| | বিনামুগ-৬ | ৩.৫৮২ | ৩.৫৮৯ | ০ | বিনামুগ-৬ | | বিনামুগ-৫ | ৪৫ | ১৩০ | ১৭৫ | বিনামুগ-৫ | ১৮০০ | ২২০০ |
| | বিনামুগ-৭ | ১.৯৮৫ | ২.৭৪ | ১৫.২২ | বিনামুগ-৭ | | বিনামুগ-৮ | ৫ | | ৫ | বিনামুগ-৮ | ১৮০ | ২০০ |
| | বিইউমুগ-২ | ০.৮৩৪ | ৭.৬৭৫ | ১০.২ | বিইউমুগ-২ | | বিইউমুগ-৪ | ১৫ | ২৫ | ৪০ | বিইউমুগ-৪ | ৬০০ | ৬৫০ |
| | বিইউমুগ-৪ | ১.১৭৮ | ৬.১৫ | ২৯ | বিইউমুগ-৪ | | বিনামুগ-৭ | ৫ | ১০ | ১৫ | বিনামুগ-৭ | ২০০ | ২৫০ |
| | **মোট ঃ** | **২৮৭.২৩২** | **৩৮১.৮১৯** | **৪১৪.৫** | | | | **১৪০** | **৩৫৫** | **৪৯৫** | | **৫৫৮০** | **৬৫৫০** |

**১.২ মসুর বীজ ঃ**

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-১১০ মেঃ টন | বারিমসুর-৩ | ১১৪.১৮৫ | ১২৭.৩৮৫ | ১৭৬.২৪ | বারিমসুর-৩ | | বারিমসুর-৩ | ১২ | ১৪০ | ১৫২ | বারিমসুর-৩ | ৫০০ | ২০০০ |
| মানঘোষিত-৪২৫ মেঃ টন | বারিমসুর-৪ | ৬৫.৯৩১ | ৮০.৫৪১ | ৪৪.৫ | বারিমসুর-৪ | | বারিমসুর-৬ | ৪০ | ১৩০ | ১৭০ | বারিমসুর-৬ | ১৬০০ | ১৬০০ |
| | বারিমসুর-৫ | ১৭.০৫১ | ১২৮.৭১৪ | ৫৯.৯২৫ | বারিমসুর-৫ | | বারিমসুর-৫ | ৩৮ | ৬০ | ৯৮ | বারিমসুর-৫ | ১৫০০ | ৪০০ |
| | বারিমসুর-৬ | ১৭.৯৩৫ | ১০৭.১৯৭ | ১৫৯.৪৫ | বারিমসুর-৬ | | বারিমসুর-৪ | ১০ | ৪০ | ৫০ | বারিমসুর-৪ | ৪০০ | ৪০০ |
| | বিনামসুর-২ | ০.৬৭২ | ৩.৭৫ | ৩.৭৫ | বিনামসুর-২ | | বিনামসুর-২ | ৫ | ১০ | ১৫ | বিনামসুর-২ | ২০০ | ২০০ |
| | বিনামসুর-৩ | ১.৩২৭ | ৬.৪৯ | ২০ | বিনামসুর-৩ | | বিনামসুর-৩ | ৫ | ১০ | ১৫ | বিনামসুর-৩ | ২০০ | ২০০ |
| | বিনামসুর-৪ | - | - | ২.৫২ | | | | | | ০ | | | |
| | **মোট ঃ** | **২১৭.১০১** | **৪৫৪.০৭৭** | **৪৬৬.৩৮৫** | | | | **১১০** | **৩৯০** | **৫০০** | | **৪৪০০** | **৪৮০০** |

## ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণীর তথ্য

পারিশিষ্ট- 'গ'

### ১.৩ ছোলাবীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-৩০ মেঃ টন | বারিছোলা-৫ | ৩০.৬১৯ | ৪৪.৯৬৫ | ৫৬.৭ | বারিছোলা-৫ | | বিইউছোলা-১ | ১০ | ২৫ | ৩৫ | বিইউছোলা-১ | ৫২০ | ৮০০ |
| মানঘোষিত-৪০ মেঃ টন | বারিছোলা-৬ | ২.৯৯ | ০ | ০ | বারিছোলা-৬ | | বারিছোলা-৫ | ১৫ | ২৫ | ৪০ | বারিছোলা-৫ | ৭৭৫ | ৫৮০ |
| | বারিছোলা-৭ | ০ | ০ | ০ | বারিছোলা-৭ | | বিনাছোলা-৪ | ৫ | ১০ | ১৫ | বিনাছোলা-৪ | ২৬০ | ২৬০ |
| | বিনাছোলা-২ | ০ | ০ | ০ | বিনাছোলা-২ | | বিনাছোলা-৫ | ৫ | | ৫ | বিনাছোলা-৫ | ২০০ | ২০০ |
| | বিনাছোলা-৩ | ০.৪১ | ০ | ০ | বিনাছোলা-৩ | | | | | ০ | | | |
| | বিনাছোলা-৪ | ০.৬৪৭ | ১১.০৮৫ | ২০.৪ | বিনাছোলা-৪ | | | | | ০ | | | |
| | বিইউছোলা-১ | ০ | ০.৬৮ | ১০.৯ | বিইউছোলা-১ | | | | | ০ | | | |
| | মোট ঃ | ৩৪.৬৬৬ | ৫৬.৭৩ | ৮৮ | | | | ৩৫ | ৬০ | ৯৫ | | ১৭৫৫ | ১৮৪০ |

### ১.৪ মাসকলাই বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-২০ মেঃ টন | বারিমাস-৩ | ৬১.৩৪৫ | ৯৭.৭২৮ | ১৬১.১৩ | বারিমাস-৩ | | বারিমাস-৩ | ২০ | ২০০ | ২২০ | বারিমাস-৩ | ৯৬০ | ১২০০ |
| মানঘোষিত-১৯৫ মেঃ টন | বিনামাস-১ | ০.৫৩১ | ০ | ০ | বিনামাস-১ | | | | | ০ | | | |
| | মোট ঃ | ৬১.৮৭৬ | ৯৭.৭২৮ | ১৬১.১৩ | | | | ২০ | ২০০ | ২২০ | | ৯৬০ | ১২০০ |

### ১.৫ খেসারী বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-৩০ মেঃ টন | বারিখেসারী-১ | ৩৪.৩৭৭ | ৭০.৩ | ৬৫.০৯ | বারিখেসারী-১ | | বিনাখেসারী-১ | ১৫ | ৪০ | ৫৫ | বিনাখেসারী-১ | ৭২০ | ৮৪০ |
| মানঘোষিত-৯০ মেঃ টন | বারিখেসারী-২ | ১৯.১১৫ | ৪১.৫ | ১৩.৪১ | বারিখেসারী-২ | | বারিখেসারী-১ | ১০ | ৬০ | ৭০ | বারিখেসারী-১ | ৪৮০ | ৬০০ |
| | বিনাখেসারী-১ | ০.৪৪৪ | ৮.৭৩ | ৬০.৭৯ | বিনাখেসারী-১ | | বারিখেসারী-২ | ৫ | ২০ | ২৫ | বারিখেসারী-২ | ২৪০ | ২৪০ |
| | মোট ঃ | ৫৩.৯৩৬ | ১২০.৫৩ | ১৩৯.২৯ | | | | ৩০ | ১২০ | ১৫০ | | ১৪৪০ | ১৬৮০ |

# ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণীর তথ্য

পরিশিষ্ট- 'ঘ'

**১.৬ মটর বীজ ঃ**

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| মানঘোষিত-৪০ মেঃ টন | বিএডিসিমটর-১ | ৩.৬৭৭ | ৪১.১২৫ | ৪৫ | বিএডিসিমটর-১ | | বিএডিসিমটর-১ | - | ৪৫ | ৪৫ | বিএডিসিমটর-১ | - | - |
| | **মোট ঃ** | **৩.৬৭৭** | **৪১.১২৫** | **৪৫** | | | | | **৪৫** | **৪৫** | | ০ | ০ |

**১.৭ ফেলন বীজ ঃ**

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-১০ মেঃ টন মানঘোষিত-৬০ মেঃ টন | বারিফেলন-১ | ১০ | ৫৪.৫ | ৭৫ | বারিফেলন-১ | | বারিফেলন-১ | ১০ | ৬৫ | ৭৫ | বারিফেলন-১ | ৫০০ | ৫৫০ |
| | মোট ঃ | ১০ | ৫৪.৫ | ৭৫ | | | | ১০ | ৬৫ | ৭৫ | | ৫০০ | ৫৫০ |

## ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণীর তথ্য

পরিশিষ্ট- 'ঙ'

### ২.০ তৈল বীজ ঃ

### ২.১ সরিষা বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| | টরি-৭ | ১২১.০৯১ | ২৩৭.৫৩৪ | ২৮৪ | টরি-৭ | | টরি-৭ | | ২৫৫ | ২৫৫ | টরি-৭ | | |
| | সম্পদ | ২৩.৯৯৪ | ৫৯.৮ | ৭৯ | সম্পদ | | বারিসরিষা-৯ | ৮০ | ২৩০ | ৩১০ | বারিসরিষা-৯ | ৮০০ | ৮০০ |
| ডিপিপি অনুযায়ী | বারিসরিষা-৬ | ৭.৮৫৭ | ৭.০৮৯ | ০ | বারিসরিষা-৬ | | সম্পদ | ৩০ | ৫০ | ৮০ | সম্পদ | ৩০০ | ৩৫০ |
| ভিত্তি-১৬০ মেঃ টন | বারিসরিষা-৯ | ১১৩.২৮৮ | ১৯০.৭০১ | ২১৯.২ | বারিসরিষা-৯ | | বারিসরিষা-১১ | ১৩ | ৬৫ | ৭৮ | বারিসরিষা-১১ | ১০০ | ১১৫ |
| মানঘোষিত-৬৪০ মেঃ টন | বারিসরিষা-১১ | ৪৮.৫৪৭ | ৫২.৩৭৫ | ৫২.২ | বারিসরিষা-১১ | | বিএডিসিসরিষা-১ | ০ | ২৫ | ২৫ | বিএডিসিসরিষা-১ | ০ | ০ |
| | বারিসরিষা-১৩ | ০.৪৯২ | ০ | ০ | বারিসরিষা-১৩ | | বারিসরিষা-১৫ | ২৫ | ৫ | ৩০ | বারিসরিষা-১৫ | ২৫০ | ২৫০ |
| | বারিসরিষা-১৪ | ৭.১৮ | ৪.৫৯৬ | ১৮.১ | বারিসরিষা-১৪ | | বিনাসরিষা-৫ | ৫ | ৫ | ১০ | বিনাসরিষা-৫ | ৫০ | ৫০ |
| | বারিসরিষা-১৫ | ১০.৫০৬ | ৩৭.৪৫৯ | ৩৬.১ | বারিসরিষা-১৫ | | বারিসরিষা-১৪ | ৭ | ৫ | ১২ | বারিসরিষা-১৪ | ৭০ | ৭০ |
| | বারিসরিষা-১৬ | ০ | ০.১১৫ | ৬.৭ | বারিসরিষা-১৬ | | | | | | | | |
| | বিনাসরিষা-৩ | ১.০৪৮ | ০ | ০ | বিনাসরিষা-৩ | | | | | | | | |
| | বিনাসরিষা-৪ | ৬.৩৮৫ | ৩ | ০ | বিনাসরিষা-৪ | | | | | | | | |
| | বিনাসরিষা-৫ | ০.৬৮ | ০ | ৮ | বিনাসরিষা-৫ | | | | | | | | |
| | বিএডিসিসরিষা-১ | ৪৬.১৪৪ | ৫৫.৩৯৬ | ৩৫ | বিএডিসিসরিষা-১ | | | | | | | | |
| | মোট ঃ | ৩৮৭.২১২ | ৬৪৮.০৬৫ | ৭৩৮.৩ | | | | ১৬০ | ৬৪০ | ৮০০ | | ১৫৭০ | ১৬৩৫ |

### ২.২ চীনাবাদাম বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| | ঢাকা-১ | ১৩৫.৯৩১ | ১৪১.৪১৮ | ৯৯.৫ | ঢাকা-১ | | ঢাকা-১ | | ১০২ | ১০২ | ঢাকা-১ | | |
| | ঝিংগাবাদাম | ১০.৯৮৯ | ১৭.৩৫ | ১৮.৫ | ঝিংগাবাদাম | | ঝিংগাবাদাম | | ৩০ | ৩০ | ঝিংগাবাদাম | | |
| ভিত্তি-৪৮ মেঃ টন | বারিবাদাম-৫ | ০.৭৭২ | ০ | ০ | বারিবাদাম-৫ | | বিনাবাদাম-৪ | ২৪ | ৩৮ | ৬২ | বিনাবাদাম-৪ | ২০০০ | ২৫০০ |
| মানঘোষিত-২০৭ মেঃ টন | বারিবাদাম-৬ | ০.০৮৯ | ০ | ০ | বারিবাদাম-৬ | | বারিবাদাম-৮ | ৬ | ১০ | ১৬ | বারিবাদাম-৮ | ৬০০ | ৬০০ |
| | বারিবাদাম-৭ | ১.৬৯৬ | ১.৩৯৪ | ০ | বারিবাদাম-৭ | | | | | | | | |
| | বারিবাদাম-৮ | ০.৪৬৯ | ০.৩৯৩ | ৭.৩ | বারিবাদাম-৮ | | | | | | | | |
| | বিনাবাদাম-২ | ০.৫২৭ | ০ | ৩ | বিনাবাদাম-২ | | | | | | | | |
| | বিনাবাদাম-৩ | ১.৯৬৯ | ০ | ০ | | | | | | | | | |
| | বিনাবাদাম-৪ | ০ | ৪.৪২৮ | ৩৯.৪১ | | | | | | | | | |
| | মোট ঃ | ১৫২.৪৪২ | ১৬৪.৯৮৩ | ১৬৭.৭১ | | | | ৩০ | ১৮০ | ২১০ | | ২৬০০ | ৩১০০ |

# ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্যবিবরণীর তথ্য

পরিশিষ্ট- 'চ'

## ২.৩ সয়াবীন বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-৮০ মেঃ টন<br>মানঘোষিত-২০০ মেঃ টন | সোহাগ | ৮৬.২৩৩ | ৮১.৯৪৬ | ১৪৮.১০৮ | সোহাগ | | খরিফ-২ ঃ | | | | খরিফ-২ ঃ | | |
| | বারিসয়াবীন-৫ | ৬৪.৭২৮ | ৩৯.৬৬৪ | ১৬২.৪৬২ | বারিসয়াবীন-৫ | | সোহাগ | ৫ | ৫ | ১০ | সোহাগ | ৩১৫ | ৩৮০ |
| | বারিসয়াবীন-৬ | ০ | ০.১৩১ | ৯.৮৫৫ | | | বারিসয়াবীন-৫ | ৪ | ৫ | ৯ | বারিসয়াবীন-৫ | ২৫২ | ৩৮০ |
| | | | | | | | রবি ঃ | | | | রবি ঃ | | |
| | | | | | | | সোহাগ | ৩৫ | ১২০ | ১৫৫ | সোহাগ | ২২০০ | ২৫২০ |
| | | | | | | | বারিসয়াবীন-৫ | ৩০ | ১০০ | ১৩০ | বারিসয়াবীন-৫ | ১৮৯০ | ২২১০ |
| | | | | | | | বারিসয়াবীন-৬ | ২ | ১০ | ১২ | বারিসয়াবীন-৬ | ৩১৫ | ৩৮০ |
| | | | | | | | বিনা সয়াবিন-১ | ২ | | ২ | বিনাসয়াবীন-১ | ২০০ | ৫০০ |
| | | | | | | | বিনা সয়াবিন-২ | ২ | | ২ | বিনাসয়াবীন-২ | ২০০ | ৫০০ |
| | মোট ঃ | ১৫০.৯৬১ | ১২১.৭৪১ | ৩২০.৪২৫ | | | | ৮০ | ২৪০ | ৩২০ | | ৫৩৭২ | ৬৮৭০ |

## ২.৪ সুর্যমূখী বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-২ মেঃ টন<br>মানঘোষিত-৮ মেঃ টন | কিরনী | ০.৬৪৭ | ১.৩৬৮ | ৬.৩ | কিরনী | | কিরনী | ১ | ৫ | ৬ | কিরনী | ২০ | ২০ |
| | বারি সুর্যমূখী-২ | ২.৬৫২ | ৫.৭১৮ | ৫.৮ | বারিসুর্যমূখী-২ | | বারিসুর্যমূখী-২ | ১ | ৫ | ৬ | বারিসুর্যমূখী-২ | ২০ | ২০ |
| | মোট ঃ | ৩.২৯৯ | ৭.০৮৬ | ১২.১ | | | | ২ | ১০ | ১২ | | ৪০ | ৪০ |

## ২.৫ তিল বীজ ঃ

| ২০১২-১৩ বর্ষে বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | প্রকৃত বিতরণ (মেঃ টন) | | | বিতরণ লক্ষ্যমাত্রা (মেঃ টন) | ২০১১-১২ বর্ষে ডিএই'র চাহিদা (মেঃ টন) | | ২০১১-১২ বর্ষে উৎপাদন লক্ষ্যমাত্রা (মেঃ টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | জাত | পরিমাণ | জাত | ভিত্তি | মানঘোষিত | মোট | জাত | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ভিত্তি-২০ মেঃ টন<br>মানঘোষিত-৮৫ মেঃ টন | টি-৬ | ৪.৩ | ১৩.৪ | ১৩.৭৫ | টি-৬ | | টি-৬ | | ৩০ | ৩০ | টি-৬ | | |
| | বারিতিল-২ | ৬.০৫ | ৩.৪৮৭ | ৭.৫ | বারিতিল-২ | | বারিতিল-৩ | ১০ | ২০ | ৩০ | বারিতিল-৩ | ১১৮ | ১১৮ |
| | বারিতিল-৩ | ২১.২৮৪ | ৫২.৭২৭ | ৩৪.৩২৫ | বারিতিল-৩ | | বারিতিল-৪ | ২ | ৫ | ৭ | বারিতিল-৪ | ২৪ | ৩৬ |
| | বারিতিল-৪ | ০ | ০ | ১৩.০৫ | বারিতিল-৪ | | বারিতিল-২ | ২ | ১০ | ১২ | বারিতিল-২ | ২৪ | ৩৬ |
| | বিনাতিল-১ | ১.৯ | ৩.৫০৫ | ৮.৬ | বিনাতিল-১ | | বিনাতিল-১ | ২ | ৫ | ৭ | বিনাতিল-১ | ২৪ | ২৪ |
| | | | | | | | বিনাতিল-২ | ৪ | | ৪ | বিনাতিল-২ | ৫০ | ৫০ |
| | মোট ঃ | ৩৩.৫৩৪ | ৭৩.১১৯ | ৭৭.২২৫ | | | | ২০ | ৭০ | ৯০ | | ২৪০ | ২৬৪ |

E:\Seed_Promotion\Enclo_56.xlsP&O

পরিশিষ্ট - 'ছ'

# কৃষি মন্ত্রণালয়ে ০৯/০৫/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৬তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

স্থান ঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ৫১২, ভবন নং ০৪), বাংলাদেশ সচিবালয় — সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থা | মোবাইল নং/ ইমেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | [illegible] মহাপরিচালক [illegible] | কৃষি মন্ত্রণালয় | 9558528 | [illegible] |
| ২ | মো: [illegible] মহাব্যবস্থাপক (বীজ) | বিএডিসি | [illegible] | [illegible] |
| ৩ | ড. মো: সাখাওয়াত হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | তৈলবীজ গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর | 01712009268 mshbd60@gmail.com | মো: সাখাওয়াত হোসেন 9/5/11 |
| ৪ | এ.কে.এম. [illegible] পরিচালক - [illegible] | বিএডিসি | [illegible] pdpo.badc@gmail.com | [illegible] |
| ৫ | ড. মো: আব্দুস সালাম পরিচালক (গবেষণা) | বিনা, ময়মনসিংহ | [illegible] drmasalam@yahoo.com | আব্দুস সালাম |
| ৬ | Md. Shahjahan Ali | Seed Federation of Bangladesh / BSA | 01730013391 email: alliedmsali@yahoo.com | [illegible] 9/5/2011 |
| ৭ | ড. মোহাম্মদ [illegible] প্রধান [illegible], ব্রি [illegible] | ব্রি, গাজীপুর | 01715752595 | [illegible] 9/5/11 |
| ৮ | ড. মুহাম্মদ আব্দুস সামাদ প্রফেসর ও প্রধান | কৃষিতত্ত্ব বিভাগ বা. কৃ. বি., ময়মনসিংহ | 01740596883 masamad53@gmail.com | masamad 9/5/11 |
| ৯ | ড. মো: খায়রুল বাশার পরিচালক (গবেষণা) | ব্রি | [illegible] mkbashar.brri@gmail.com | [illegible] ৯/৫/১১ |
| ১০ | মো: নজরুল ইসলাম পরিচালক | কৃষি তথ্য সার্ভিস | [illegible] dirais@ais.gov.bd | [illegible] ৯/৫/১১ |
| ১১ | মো: আ: [illegible] অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ) | বিএডিসি | 01715659881 | [illegible] 9-5-11 |
| ১২ | অনিল চন্দ্র সরকার অতিরিক্ত পরিচালক | ডিএই | 01726737110 | [illegible] ৯/৫/১১ |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থা | মোবাইল নং/ ইমেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩ | ড. মো: ফজলুল হক অধ্যাপক | উদ্ভিদতত্ত্ব বিভাগ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় | 01711-908640 | |
| ১৪ | মো: হাবিবুর রহমান খান | অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা | 01715668305 | |
| ১৫ | ইকবাল আহমেদ | অতিরিক্ত মহা ব্যবস্থাপক (কাঃপ্রো) বিএডিসি, ঢাকা | 01716984326 | ৯/৫/১১ |
| ১৬ | মো: নুরুল হক | প্রকল্প পরিচালক বীজ ... বিএডিসি, ঢাকা | 01742304249 | ৯/৫/১১ |
| ১৭ | এম এম রশিদ পি এম ডি | এম পি এ সানাইগুড় | ০১৬৭৮০৫৪৯৯৯ | ০৯/৫/১১ |
| ১৮ | এ.টি.এম রফিকুল ইসলাম প্রকল্প পরিচালক বীজ প্রকল্প | বিএমডিএ রাজশাহী | ০১৭১২৭০১৭১৬ | ৯/৫/১১ |
| ১৯ | মো: মুজিবুর রহমান ম্যানেজিং ডিরেক্টর | ডি এ ই | ০১৮১৬৭১৯৭৩৯ | ৯/৫/১১ |
| ২০ | মো: আজিজুল হক ডেপুটি মহাব্যবস্থাপক (সিভিল ডিজাইন), বিএডিসি, ঢাকা | বিএডিসি | ০১৭১১৯৮০২৮৭ | ৯/৫/১১ |
| ২১ | ড. মতিয়ার রহমান | পরিচালক (ফুল), বি জে আর আই | 01913112255 | ৯/৫/০১১ |
| ২২ | আবু নাসের মো: জাহিদ উপ-পরিচালক | বীজ, উদ্ভিদ ও ... বীজ উৎপাদন ... | ০১৭১৫ ১১১৮৯১ | ০৯/০৫/১১ |
| ২৩ | ড. মো: নজমুল ইসলাম উপ-পরিচালক | ডাল ও তৈলবীজ বিভাগ বিএডিসি | 01711-446032 nazmul badc@gmail.com | |
| ২৪ | কৃষিবিদ মুসতাক আহমেদ উপ ব্যবস্থাপক | মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর বিএডিসি | 01716775539 email: mustaq badc@gmail.com | ৯/৫/১১ |
| ২৫ | মু. ম. আজহারুল ইসলাম ... (ধর্মমুখী) | বিএডিসি | ০১৭১১-৫৫৮২২১ | ৯/৫/১১ |